# ছড়া-ছন্দে নীতি ও স্বাস্থ্য কথা

উপদেষ্টাঃ
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
এবং আহবায়ক নৈতিকতা কমিটি

সম্পদনাঃ নৈতিকতা কমিটি

প্রণয়ন ও সংকলনঃ ফাতেমা রহিম ভীনা,
উপ-সচিব (প্রশাসন-৪)  এবং ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি


অ
অসৎ মানুষ, অসৎ কাজ
শত ধিক্কার, শত লাজ।
আ
আলস্যে অশ্রদ্ধা, শ্রমে অনুরাগ
কর্মঠ হও, দূর কর সব লাজ।




শক্তি, নিষ্ঠা ও সততা

সাথে আছে বাংলার জনতা।



<u>ই</u>

ইলেকট্রনিক স্বাস্থ্য সেবা
বাদ রইল কোথায় কেবা?

<u>ঈ</u>

ঈর্ষা করা ভাল নয়
সুজন মানুষ তাই তো কয়।



<u>উ</u>

যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি
এটাই হোক সকলের প্রতিশ্রুতি।

# উ

ঊষার আগে উঠব জেগে আমি

করব কাজ, সময়টাতো দামি।





ঋ

ঋজু মানুষ, উচ্চ করি শির
তবেই তো বলি, বীর বাঙ্গালী বীর।



<u>এ</u>

- একতাই শক্তি, একতাই বল
  রইবোনা একা আর, চলরে তোরা চল।

- এদেশ, এ মাটি, এ জনগণ
  ভালবেসে যাব আমরণ।

# ঐ


## ঐশ্বর্য চাই নৈতিকতার

## প্রতিষ্ঠা হোক সততার

# ও

- ও ভাই, ও বোন কই গো সকল?
  সৎ মানুষের কাছে হই তো শীতল।

- ওদের সকলের সমঅধিকার
  সকলের জন্য ভাল ব্যবহার।






ঔ

ঔষধ খাব নিয়ম মেনে
স্বাস্থ্য বিধান নিব জেনে




ক

- শেখ হাসিনার অবদান
  কমিউনিটি ক্লিনিক বাঁচায় প্রাণ।

- কদ্যাপি কুপথে চলব না
  কুকর্মের অনেক যাতনা।



# খ

খাব পথ্য ও ঔষধ নিয়ম মতন
ডাক্তারের কথায় রোগ হবে প্রশমন।

## গ

- গর্ব মোদের দেশের জন্য
  কর্ম করে হই ধন্য।
- গুণ ও বিদ্যা বিনম্র করে
  জুড়ায় অন্তর আহারে।

শীলতা, ধীরতা ও দয়া অনুপম
এইসব মনুষ্য গুণ অতি মনোরম।

**ঘ**

ঘুম আনে শান্তি
দূর করে যত ক্লান্তি
ঘুম মানে নিমগ্ন ও নির্ভার
সুস্বাস্থ্যের প্রেসক্রিপশন সহজ ও সুন্দর।
তবে বেশি ঘুম ভাল নয়
জ্ঞানী গুণি তাইতো কয়।



# ঙ

রঙ দিয়ে জয় নয়
সঙ দেখলে ভয় হয়।

# চ

চুরি করা অপরাধ-জেনে রেখো ভাই
ক্ষমা নাই তার, ক্ষমা নাই।





# ছ

- ছেলে মেয়ে বিভেদ নাই,
  দুটি সন্তানের বেশি নয়
  একটি হলে দেশের মঙ্গল হয়।

- ছায়ার কাছে হাত পেতেছি
  সবুজের কাছে সব পেয়েছি।

# জ

জগৎ জুড়ে সেই মানুষই ভালো
অন্ধকারে দেয় যে কেবল আলো।

# ঝ

- ঝোঁপ ঝোঁপ এদোবন
দেখব না দুনয়নে
ডোবা-পচা ও শ্যাঁওলা
সাফ করব দুহাতে।

- ঝড় ঝঞ্ঝা জীবনে আসবে
সত্যকে মেনে নিতে হবে।




<u>ট</u>

টাকা আয়ের জন্য চাই সৎপথ

এতে নেই ভিন্ন কোন মত।

<u>ঠ</u>

ঠক হতে ভাই সাবধান

রাখেনা সে দেশ ও দশের মান।




## ড

ডাক্তার তিনি সজ্জন
সেবা দিয়ে করেন তা অর্জন।
টাকা কড়ি বড় নয়-সেবাটাই মুখ্য
যতনেতে দূর হয় রোগিদের দুঃখ

## ঢ

ঢাল হচ্ছে সততা
দেয় সুরক্ষা আর নিরাপত্তা।




<u>ণ</u>

ণ ও ন এর পার্থক্য, জেনে নেই বানান বিধান

মনে রেখ ভাষা শহীদদের অবদান।



# ত

- তথ্য পাবে জনগণ
  তবেই নিশ্চিত উন্নয়ন।

- তিরিশ লাখ শহীদের বিনিময়ে দেশটা
  সবার আগে
  দেশের কাজে পূবের আকাশে সূর্যটা
  তাই জাগে।

- তরু লতা, গুল্ম ও ফুলের আলিঙ্গন
  শোভন প্রাঙ্গঁন, মঙ্গল অগণন।





<u>থ</u>

থর থর কাঁপে মানুষ যে অসৎ
জানে সে পরিনাম অতি নির্মম।

<u>দ</u>

- দুর্নীতির বিরুদ্ধে লড়ব
দেশটাকে সবাই মিলে গড়ব।

- দালাল দৌরাত্ব আর নয়
সরকারি স্বাস্থ্যসেবা পাশে রয়।



ধ

ধন কি কোন কাজে লাগে?

মান যদি নাইবা থাকে



ধুমপানে বিষ পান
নেশার চাই অবসান




# ন

- নারী ও শিশু সবার আগে
  স্বাস্থ্য সেবায় প্রাধান্য পাবে।

- ন্যায় নিষ্ঠা, নীতি ও নিয়ম
  সেবা কর্মে সাধন ও যতন।

- নারী ও পুরুষের সমান অধিকার
  ভেদাভেদ অবসানের চাই অঙ্গীকার।



নার্সিং পেশা অতি মহৎ

সেবায় জয় হবে জগত



প

প্রতিবাদের জন্য সাহস চাই


সাহস ছাড়া জীবন নাই।



প্রেসার রক্তে, সুগার ব্লাডে
হার্টে আবার হচ্ছে চাপ
রোগ শোকে ঘাট হয়েছে
অনিয়মই হচ্ছে পাপ।

# ফ

ফল ও সব্জীতে খনিজ ও ভিটামিন
পুষ্টি প্রাণশক্তি অন্তহীন।
ফ'দিয়ে হয় ফুল ও ফল
পরিবেশের উপহার যে নির্মল।





ব

বিজয়ের পতাকার সম্মান
রাখবই রাখব যায় যাক তুচ্ছ এ প্রাণ।




বাল্যবিবাহ রুখব

সামাজিক আন্দোলন গড়ব।

বর্জ্যের সাথে বসবাস

আনে স্বাস্থ্যের সর্বনাশ।



ভেজাল ঔষধ বন্ধ


অসৎ মানুষ জব্দ





ভ

ভয় কী মরণে?
বীর শহীদদের স্মরণে।



ম

- মাতৃ মৃত্যু রুখিবার
  আছে দৃঢ় অঙ্গীকার।

- মানবের মাঝে বাঁচিবারে চাই
  সত্য ও ন্যায়ের সাধনা সদাই।



য

যে কেউ জানাতে পারে দুর্নীতি সংবাদ

আইনের শক্তি, আইনের আশীর্বাদ।




র

রোগী যখন বেদনায় কাতর
সেবা চাই তখন নিরন্তর।

ল

লাল সবুজ ঔষধে সরকারের ভালবাসা
সুস্থ মানুষ সমৃদ্ধ জাতি, এই আমাদের আশা।




শিশুর জন্য নিরাপদ আগামী রচনা

এটাই হোক সকলের সাধনা।

# ষ

ষড়রিপু করব জয়
নৈতিকতার নাই ক্ষয়।

fppt.com

স

- সরকারি সম্পদ, সরকারি রতন
  করি রক্ষণ, করি যতন।

- সরকারি ভবন-অতি যত্নে গড়া
  রক্ষা করি  যত হোক বন্যা, শ্রাবণ ও খরা।

- সরকারি সম্পত্তির হিসাব চাই
  ভুল হলে রক্ষা নাই।

- স্বজন হয়ে দাঁড়াব আমি স্বদেশের পাশে
  সেবা প্রার্থী রোগীর কাছে নির্ভয়ে ও আশ্বাসে।

- সুজলা সুফলা শষ্য শ্যামলা প্রিয় এদেশ
  কর্ম ও শ্রমে গড়ব অনি:শেষ।




<u>হ্</u>

হাতের মুঠোয় স্বাস্থ্য সেবা এখন

ডাক্তারের পরামর্শে  টেলিফোন আছে যখন।

ড়


বড় যদি হতে চাও, ছোট হও আগে

ক্ষুদ্র এ জীবনে অমিত শক্তি থাকে।

ঢ়

দৃঢ় মানুষ একলা পথে হাঁটে

তাকে দেখে দশটা মানুষ জাগে।


য়
ন্যায়ের পথে থাকবে যদি
অন্যায় প্রতিরোধে আনবে শুদ্ধি।



৫

হারজিৎ চিরদিন থাকবে
জীবনের সত্যটা মানবে।
সুখে দুঃখে এই তো জীবন
ভুলকে তাই কর সংবরণ।


দু:খী ও দীনকে করো না অযতন
বাংলা মায়ের তারাই আদরের ধন।



অহংকারে লাল সবুজের পতাকা ওড়াই

এসো সুজন, এসো স্বজন, একসাথে দুর্নীতি তাড়াই।




বাঁচিতে বাঁচাতে মনুষ্য প্রাণ

শরীরে  চাই স্বাস্থ্যের মঙ্গঁল বিধান।

# ধন্যবাদ